আশা মদ্যপানে মত্ত মনোন্মত্ত অতি।
রথচক্রগতি মত ঘুরিতেছে মতি॥
কি করিতে কোথা গত কবে কোথা যাবে।
ভবে এসে পাশে বদ্ধ ভ্রমে নাহি ভাবে॥
একেবারে শত আশা হৃদয়ে উদয়।
ভাবিতে ভাবিতে তারা আর নাহি রয়॥
কত ভাবে কত ভাবে করে কত ভাব।
দীর্ঘসূত্র দীর্ঘ শক্র নাশে সব ভাব॥
মনবিবরণ কথা কহনে না যায়।
বোধ হয় ধরা যায় ধরিতে পলায়॥
ব্যগ্রচিত্তে স্নিগ্ধ হয়ে করিয়ে মনন।
একমনে ভেবে দেখি মনে নানা মন॥
যদিও অসংখ্য ভাগি বিভক্ত এমন।
শত শত মন তার এক এক মন॥
মনে ভাবি একমনে ধরি একমনে।
অন্যমনা মন পরে হেরে অন্য মনে॥
একারণ অপকর্ম্মে নরতৃষ্ণাতুর।
মনে মুখে অনেকতা শঠত্বে চতুর॥
ভাবে এক বলে আর কাজে করে অন্য।
বাহিরেতে মকরন্দ মনেতে জঘন্য॥
অহঙ্কার অলঙ্কার ব্যসন বসন।
অকথ্য কাহিনী কথা অভক্ষ্য অশন॥
পরের বনিতা মাতা ঘোষণা জগতে।
শ্বশুর-দুহিতা তিনি আধুনিক মতে॥
জপ তপ দান ধ্যান স্নান পূজা যত।
কালে কালে একে একে হইয়াছে হত॥
অন্তঃপুর সুরপুর ভূলোক গোলোক।
জায়া-কায়া-আলোকনে আলোক পুলক॥
একাকিনী রাখি কেহ আপন কামিনী।
বারবিলাসিনী সহ যাপেন যামিনী॥

কলিরূপে কমলিনী বালিকা কামিনী।
রমণীয় শোভা চক্ষে আনন্দ-দায়িনী॥
ঢল ঢল মকরন্দে বিকচ কমল।
সরস তরুণী সহ যৌবন বিমল॥
পদ্মিনীতে মধুকর প্রণয়ে জুড়ায়।
পরিণেতা পরিণয়ে লয় ললনায়॥
অলি চোলে যায় পদ্ম হোলে মধুহীন।
আদরিণী আদরিণী যুবতী য'দিন॥
মলিনী নলিনী দুখে পড়ে পদ্মাকরে।
ধরায় মিশায়ে যায় কামিনী কাতরে॥
অবলা ললনা পেয়ে ছলনা কোরনা।
অচির ফুলের ন্যায় অচির অঙ্গনা॥
বি। কামিনি, কামিনী-কথা কহিলে কৌশলে।
মনে মনে মনোভাব রাখিয়াছ ছলে॥
কামিনীতে কমলিনী আছে কিছু সার।
তোমায় দেখায়ে আমি করিব প্রচার॥
তুমি পদ্ম পদ্মমুখি, তুমি পদ্মাসন।
জীবন নিধন হবে, না যাবে জীবন॥
মাটিতে গঠিত কায়, কমল সমান।
শমনের আগমনে হইবে নির্ব্বাণ॥
কিন্তু দেখ মনোমাঝে ভাবিয়ে কামিনী।
ভুবন-মোহিনী মন ভুবন-মোহিনী॥
কোন কালে তার রূপ নাহি হয় লয়।
চিরকাল সমভাবে রয় দেবালয়॥
কা। মনের যে কথা তুমি বলিলে এখন।
শাস্ত্রজ্ঞানে জানিয়াছি এই বিবরণ॥
নিরাকার মন হয় লাবণ্যবিহীন।
কি দেখে হতেছ তার প্রেমের অধীন॥
বি। আহা মরি আদরিণি, শুনহে স্বরূপ।
মন মনোমোহিনীর অপরূপ রূপ॥

তোমার লাবণ্য হেরে জুড়ায় নয়ন।
তব মনরূপ দেখে বিমোহিত মন॥
সতীত্ব সুশোভা তার বয়ান বিমল।
পরসুখ অভিলাষ লোচন কমল॥
ভাল ভাল শোভা করে পরেশ প্রণাম।
ভাবনা চিকণ চুল শ্যাম যেন জাম॥
উপদেশ অনুরক্তি শোভিছে শ্রবণ।
সাধুর সুখ্যাতি তায় কুণ্ডল ভূষণ॥
পাপ ছাড়ি পুণ্য লব সদা এই আশা।
অতি সূক্ষ্ম অপরূপ শোভা করে নাসা॥
সদা সুখ আলাপন রসনা সুন্দর।
সুশীলতা সরলতা শোভে ওষ্ঠাধর॥
মনোহর পয়োধর পরম প্রণয়।
ক্রমশঃ উন্নত কভু নত নাহি হয়॥
ক্ষমাপর উপকার শোভে দুই পাণি।
পরম সুন্দর শোভা তুলনা না জানি॥
কামকায় সব পাপ শোভে মাজা ক্ষীণ।
পুণ্যের সঞ্চয় তায় নিতম্ব নবীন॥
পরিণামে হরিধামে বাসের বিশ্বাস।
অপূর্ব্ব যুগল পদ নাহি কভু নাশ॥
তব অঙ্গ-আভা নব-বিভাকর-বিভা।
মন-অঙ্গ-আভা নিত্য নিরমল-নিভা॥
এমন এ মন হেরে বিমনা যে মন।
জানে জানে জানে আর মনে মনে মন॥
যদি এ বচন সত্য হয় অনুমান।
মনোরমা মন-রামা, রামা কর দান॥

কা। ওমা কত বেলা হোলো কথায় কথায়।
দেখিতে দেখিতে ভানু আইল কোথায়॥
যাই যাই, করি গিয়ে কুসুম চয়ন।
এসো তুমি সঙ্গে এসো করহে ভ্রমণ॥

কলাগাছে ডাব করে বাটাভরা পোকা।
চতুরের ভয় কিবা, ঠকে যায় বোকা॥
চীরপোরা ক্ষীরছাঁচ চিনি হয় ঘুণ।
পিটুলির চন্দ্রপুলি গুড়া চুণ লুণ॥
সলজ্জ শ্বশুরবাড়ী খায় লজ্জা মনে।
মাথা খাও, খাও খাও, বলে রামাগণে॥
পেটে খিদে, মুখে লাজ, শুনে হাসি পায়
হাবা ছেলে হেঁটমুখে আধপেটা খায়॥
অধুনা প্রস্তুত অন্ন, পঞ্চাশ ব্যঞ্জন।
চর্ব্ব চোষ্য লেহ্য পেয় করেন ভোজন॥
জামাই কামাই নাই অন্য কর্ম্ম ছাড়ি।
চোরের উপরে করে ভাল বাটপাড়ী॥
ভাতের ভিতরে এক বাটি দিয়াছিল।
গোপনে গোপনে তাহা চুরি করে নিল॥
চপলা অবলাকুল হয় চিন্তাকুল।
বাটি কোথা গেল বলি বড়ই ব্যাকুল॥
রসিক বলেন শুন রসিকা অঙ্গনা।
অন্ন-জ্ঞানে খাইয়াছি হয়ে অন্যমনা॥
কিম্বা গলে গেছে তব নয়ন আগুনে।
পাথর সলিল বাম লোচনের গুণে॥
ভোজন সাধন হলে ফিরে দেয় বাটি।
পান খেতে খেতে পরে আসে বারবাটী॥
আমোদ প্রমোদে পূর্ণ যত পুরলোক।
প্রকাশে সবার মনে পুলক-আলোক॥
মিলাইতে নারীরত্ন স্বামী স্বর্ণ পরি।
অস্তাচলে চলে হরি ধরা পরিহরি॥
বিনোদিনী সাজাইতে সাজে রামাগণ।
কত মত করে বেশ হয়ে একমন॥
সর্ব্ব অঙ্গে অলঙ্কার পরায় অশেষ।
বেণী বিনাইয়া শেষ করে দেয় শেষ॥

চন্দ্রমুখ মুছি টিপ কাটিল সরস।
শশধর কোলে যেন শোভা করে শশ॥
কুসুমে ভূষিত করে ভুবন-ভামিনী।
মহেন্দ্রভবনে যেন মহেন্দ্র মোহিনী॥
দুগ্ধফেণনিভ শয্যা বিস্তার করিয়া।
জীবিত সরসীরুহ রাখে বসাইয়া॥
জ্ঞানযুক্ত অলিরাজে আনিতে হেথায়।
সহচরী ত্বরাত্বরি ডাকিবারে ধায়॥
আনন্দ-প্রবাহে মগ্ন যতেক যুবতী।
রত্নময় বাম পাশে রাখে রত্নাবতী॥
শোভা হেরি যায় চলে সুলোচনাগণ।
দম্পতী করেন সুখে শর্ব্বরী যাপন॥
আড়ালে থাকিয়া যত সুরসিকা মেয়ে।
কপাট জানালা দিয়া সবে দেখে চেয়ে॥
কোন ধনী কথা কয় মৃদু মধু স্বরে।
ওলো ধনি, একি ধ্বনি শুনি এই ঘরে॥
কি কর মুরলীধর মোহিনীর কাছে।
নয়ন পূরিয়া দেখ কিবা শোভিয়াছে॥
বিমল কমল কোলে. কি কর বসিয়া।
মকরন্দ কর পান মানস পূরিয়া॥
প্রথমেতে প্রণয়িনী কথা নাহি কয়।
সম্বোধিয়া নব কান্তা কান্ত কোলে লয়॥

### লঘু ত্রিপদী।

কামিনী যামিনী সুখের কাহিনী
কহিয়া যাপন কর।
বদন মধুরা কেন কামধুরা
ঢাকিতেছ দিয়া কর॥
তব ওষ্ঠাধর জিনি ইন্দীবর
সুধার আধার জানি।

